রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, অক্টোবর ২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**ইপ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৯৮-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ক) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (চেয়ারম্যান ও সদস্যগণের ক্ষমতা ও কার্যাবলী) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় —

(ক) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) **'চেয়ারম্যান'** অর্থ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান;

(গ) **'ধারা'** অর্থ আইনের ধারা;

(ঘ) **'পরিষদ'** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত ইউনিয়ন পরিষদ; এবং

(ঙ) **'সদস্য'** অর্থ ইউনিয়ন পরিষদের সদস্য।


**মূল্য :** টাকা ১২.০০

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

৩। **পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা ও কার্যাবলী।**—(১) পরিষদের কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করা চেয়ারম্যানের প্রধান দায়িত্ব এবং তিনি পরিষদের প্রধান নির্বাহী এবং সকল কার্যক্রমের তত্ত্বাবধানকারী হইবেন এবং পরিষদ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত অনুমোদন করিবেন।

(২) আইনের ধারা ৪৬ এবং উপ-বিধি (১) এর বিধানাবলী সাপেক্ষে, চেয়ারম্যানের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:—

**(অ) প্রশাসনিক:**

(ক) ইউনিয়ন পরিষদের সকল সভা আহবান এবং আলোচ্যসূচি প্রণয়ন;

(খ) সভায় ইউনিয়ন পরিষদের বিভিন্ন সমস্যা সম্পর্কে সদস্যদের মতামত নেয়ার পর সমাধানের নির্দেশনা প্রদান;

(গ) সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করিয়া সকল সদস্যের নিকট পৌঁছিয়াছে কিনা তাহা তদারকি;

(ঘ) পরিষদের কার্যাবলী গণতান্ত্রিক প্রক্রিয়ায় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটিগুলির কার্যক্রম তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ ক্ষমতা প্রয়োগ;

(ঙ) পরিষদের কর্মচারী ও সরকারি কর্মচারীকে তাহাদের দায়িত্ব পালনে সহযোগিতা;

(চ) এলাকার শান্তি শৃঙ্খলা রক্ষার নিমিত্ত গ্রাম পুলিশ ও প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ;

(ছ) সময় সময়, সরকার ঘোষিত আইন ও সার্কুলার অনুযায়ী অর্পিত অন্যান্য প্রশাসনিক দায়িত্ব পালন;

(জ) পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঝ) পরিষদের বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত প্রস্তাব এবং প্রকল্প পরিষদের পক্ষে প্রস্তুত করিবার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;

(ঞ) ধারা ৫১ এর অধীন পরিষদের নামে সম্পাদিত সকল চুক্তি স্বাক্ষর এবং তাহা বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ট) পরিষদের আওতাধীন বিভিন্ন ব্যবসা, বৃত্তি, পেশার উপর পরিষদ কর্তৃক প্রদেয় লাইসেন্স ও পারমিট ইস্যু;

(ঠ) ধারা ৮৯ এবং পঞ্চম তফসিলের বিধান সাপেক্ষে এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন অভিযোগ প্রত্যাহার বা অভিযুক্ত ব্যক্তির সহিত আপোষ মীমাংসার লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

(ড) পরিষদের পক্ষে মামলা দায়ের ও পরিচালনা করিবার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঢ) ধারা ৪ এর অধীন ওয়ার্ড সভা গঠনের কার্যক্রম গ্রহণ এবং ওয়ার্ড সভা অনুষ্ঠানের গণবিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ণ) ধারা ৪২ এর অধীন পরিষদের সাধারণ ও বিশেষ সভা আহ্বান;

(ত) পরিষদের নির্বাহী বা অন্য কোন কার্য পরিষদের পক্ষে স্বাক্ষর দ্বারা প্রমাণিকৃতকরণ;

(থ) পরিষদের স্থাবর সম্পত্তি তথা, জমি, ইমারত, সড়ক অথবা নর্দমার বা উহার অংশ বিশেষ অবৈধ দখলমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(দ) পরিষদের কার্যাবলী বাস্তবায়ন, বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কার্যাদির অগ্রগতি পর্যালোচনা এবং সদস্যদের উপর ন্যস্তকৃত দায়িত্ব তদারকি ও মনিটর;

(ধ) আইন শৃঙ্খলা কমিটির সভাপতির দায়িত্ব পালন;

(ন) এই আইনের অধীন তাঁহার উপর অর্পিত সকল বা যে কোন দায়িত্ব পালন;

(প) সরকার কর্তৃক, সময় সময় অর্পিত সকল বা যে কোন কার্য সম্পাদন।

**(আ) গণসংযোগঃ**

(ক) ইউনিয়ন পরিষদের বিভিন্ন উন্নয়ন ও সেবামূলক কার্যক্রম সম্পর্কে নির্দেশ মোতাবেক জনগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) প্রতিটি ওয়ার্ড সভায় উপস্থিত থাকা এবং স্থানীয় উন্নয়ন চাহিদা সম্পর্কে অবহিত হওয়া;

(গ) সরকারের বিভিন্ন কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করিয়া গণসংযোগের দায়িত্ব পালন করা;

(ঘ) স্থানীয় জনগণের সুখ-দুঃখ, সুযোগ সুবিধা এবং তাহাদের সমস্যা দূরীকরণে প্রয়োজনীয় ভূমিকা পালন।

**(ই) রাজস্ব ও বাজেট সংক্রান্তঃ**

(ক) নিয়মানুযায়ী পরিষদের সদস্য এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সাথে পরামর্শ করিয়া কর, রেইট ও ফিস ধার্য করা;

(খ) পরিষদ কর্তৃক আরোপিত সকল কর, রেইট, টোল, ফিস এবং অন্যান্য দাবী সংগ্রহ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ;

(গ) পরিষদের পক্ষে সকল প্রকার অর্থ গ্রহণ;

(ঘ) ধারা ৫৬ এর অধীন পরিষদের দায়যুক্ত ব্যয় পরিশোধের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) রাজস্ব আদায়ের ব্যাপারে বিধি মোতাবেক কর আদায়কারী নিয়োগ ও তার তত্ত্বাবধান;

(চ) পরিষদের বিশেষ সভায় বাজেট পেশ এবং সদস্যদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনী সাপেক্ষে অনুমোদনের জন্য প্রেরণ।

**(ঈ) উন্নয়নমূলকঃ**

(ক) পরিষদের সকল উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(খ) পরিষদের সকল উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন নিশ্চিত করা;

(গ) পরিষদ এলাকায় সরকার নির্দেশিত সকল ধরনের বস্তুগত ও সামাজিক অবকাঠামো উন্নয়নে কাজ করা;

(ঘ) স্থানীয় সমন্বিত উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে কর্মরত জাতিগঠনমূলক বিভাগ ও বেসরকারি উন্নয়ন সংস্থাসহ স্থানীয় জনসাধারণের সংগে নিয়মিত ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি'র (ইউডিসিসি) সভা;

(ঙ) সরকারি নির্দেশ মোতাবেক সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ বাস্তবায়ন।

**(উ) বিচার বিষয়কঃ**

(ক) গ্রাম আদালত আইন, ২০০৬ এ বর্ণিত দেওয়ানি ও ফৌজদারী মামলা মোকদ্দমা নির্ধারিত পদ্ধতিতে নিস্পত্তি;

(খ) সালিশের মাধ্যমে নিস্পত্তিযোগ্য ছোট ছোট ঝগড়া-বিবাদ, দাঙ্গা-হাঙ্গামা ও জমি-জমা সংক্রান্ত বিভিন্ন বিষয় ব্যক্তিগত উদ্যোগে নিস্পত্তি;

**(ঙ) দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্তঃ**

(ক) প্রাকৃতিক দুর্যোগ, মহামারী বা সংক্রামক রোগ এবং ফসলে পোকার আক্রমণ দেখা দিলে এ সম্পর্কে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা;

(খ) তাৎক্ষণিকভাবে সৃষ্ট অস্বাভাবিক পরিস্থিতি ও পরিবেশকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনিবার জন্য দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগপরবর্তী ব্যবস্থা গ্রহণ;

(গ) দুর্যোগ মোকাবেলায় পরিষদের সভায় প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ ও সদস্যদের মধ্যে কর্ম বন্টন।

**(ঋ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাঃ**

(ক) প্রাথমিক চিকিৎসাসেবা, টিকাদান কর্মসূচি, প্রজনন স্বাস্থ্য পরিচর্যাসহ অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত ব্যবস্থাপনার দায়িত্ব পালন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

(খ) পরিবার পরিকল্পনা বিষয়ে ইউনিয়ন পর্যায়ে কর্মরত কর্মচারীদের সহায়তা প্রদান;

(গ) পরিষদে অবস্থিত পরিবার কল্যাণকেন্দ্র এবং কমিউনিটি ক্লিনিকগুলোর ব্যবস্থাপনা।

**(এ) অন্যান্য ক্ষমতা ও কার্যাবলীঃ**

(ক) বিভিন্ন প্রকার সনদপত্র (যেমন জন্ম-মৃত্যু, নাগরিক ও ওয়ারিশ সনদ, ইত্যাদি) প্রদান করিবার ক্ষমতা;

(খ) ভূমিহীনদের পুনর্বাসন ও খাস জমি বিতরণের জন্য ভূমিহীন কৃষক চিহ্নিত করা;

(গ) গণশিক্ষা কার্যক্রম বাস্তবায়নে সরকারকে সহযোগিতা করা;

(ঘ) সর্বদা সরকারের নির্দেশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের নিকট হইতে চাহিত তথ্য প্রেরণ, সুপারিশ ও প্রতিবেদন দাখিল;

(ঙ) জেন্ডার সমতা আনয়নে পরিষদে নারী ও পুরুষ সদস্যদের প্রতি বৈষম্যমূলক আচরণ প্রদর্শন না করা।

৪। **পরিষদের সদস্যগণের ক্ষমতা ও কার্যাবলী।**—আইনের বিধানাবলী সাপেক্ষে, পরিষদের সদস্যগণের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) পরিষদ এলাকায় সংঘটিত অপরাধমূলক ও বিপদজনক ব্যবসা কিংবা যে কোন ধরনের অপরাধ সংঘটিত হওয়ার আশংকা দেখা দিলে তাৎক্ষণিকভাবে পরিষদকে অবহিতকরণ;

(খ) সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকায় কৃষি উৎপাদন বৃদ্ধি, বিভিন্ন আয় বর্ধক প্রকল্প (যথাঃ- কুটির শিল্প, হাঁস-মুরগি ও গবাদি পশুপালন, মৎস্য চাষ, বৃক্ষরোপণ ও পরিচর্যা, ইত্যাদি) কর্মকাণ্ডে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং এ সকল ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প গ্রহণের জন্য পরিষদে সুপারিশ পেশ;

(গ) সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকায় নিরক্ষরতা দূরীকরণ, পরিবার পরিকল্পনা, জনস্বাস্থ্য ও প্রাথমিক স্বাস্থ্য সেবা সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করিয়া এ সংক্রান্ত প্রকল্প প্রণয়ন ও পরিষদ কর্তৃক গৃহীত হইলে তাহা বাস্তবায়ন এবং পরিষদ পরিচালনাধীন প্রাথমিক চিকিৎসা কেন্দ্র ব্যবস্থাপনায় সহায়তা প্রদান;

(ঘ) সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকায় জনগণের সম্পত্তি (যথাঃ- জনপথ, রাজপথ, সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান, খেলার মাঠ, কবরস্থান, শ্মশান ঘাট, সভার স্থান, সৌধ, রাস্তা, পুল, সেতু, কালভার্ট, বাঁধ, খাল, বিল, টেলিফোন, বিদ্যুৎ, গ্যাস, ইত্যাদি) সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বিষয়ে পরিষদ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ;

(ঙ) সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকায় স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ ও ব্যবহারে জনগণকে উদ্বুদ্ধকরণ;

(চ) স্ব স্ব ওয়ার্ডে জন্ম-মৃত্যু, অন্ধ, ভিক্ষুক, দুঃস্থ ও অসহায় বিধবা, এতিম, গরিব প্রতিবন্ধী, ইত্যাদি জনগণের নিবন্ধনের ক্ষেত্রে সহায়তা প্রদান;

(ছ) ওয়ার্ড এলাকার আদমশুমারীসহ সকল ধরনের শুমারী পরিচালনায় সরকারকে সহযোগিতা করা;

(জ) ওয়ার্ড এলাকায় খেলাধুলার উন্নয়ন, গ্রন্থাগার ও পাঠাগারের ব্যবস্থা, জাতীয় উৎসব পালনের ব্যবস্থা এবং শরীর চর্চা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের উৎসাহ ও সহায়তা প্রদান;

(ঝ) এলাকায় অগ্নি, বন্যা, খরা, শিলাবৃষ্টিসহ ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস ও অন্য যে কোন দুর্যোগ সম্পর্কে জনগণকে সচেতন করা;

(ঞ) ওয়ার্ড এলাকার পরিবেশ ব্যবস্থাপনার জন্য গোবর ও রাস্তার আবর্জনা সংগ্রহ, অপসারণ, রাস্তা-ঘাট, ডোবা-নালা, মজা পুকুর পরিষ্কার, মৃত পশুর দেহ অপসারণ, পশু জবাই ও বিপদজনক ইমারতসহ যত্র তত্র ইমারত নির্মাণ নিয়ন্ত্রণ এবং এতদ্‌সংক্রান্ত বিষয়ে পরিষদকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অবহিতকরণ;

(ট) পুকুর বা পানি সরবরাহের বিভিন্ন স্থানে শন, পাট বা অন্যান্য গাছ ভেজানো, আবাসিক এলাকার মধ্যে চামড়া রং বা পাকা করা নিয়ন্ত্রণ, আবাসিক এলাকার মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তু উত্তোলন, ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটা নির্মাণ নিয়ন্ত্রণ এবং এতদ্‌বিষয়ে পরিষদকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা;

(ঠ) নিরাপদ পানি ব্যবহারের জন্য কুয়া, নলকূপ, জলাধার, পুকুর ও পানি সরবরাহের অন্যান্য উৎস সংরক্ষণ এবং দূষিতকরণ রোধের ব্যবস্থা গ্রহণ;

(ড) নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও এসিড নিক্ষেপ নিরোধ, বাল্যবিবাহ রোধ ও বিবাহ নিবন্ধন নিশ্চিতকরণ এবং এ সংক্রান্ত কমিটির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন এবং নারী ও শিশু কল্যাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঢ) সরকারি নির্দেশ মোতাবেক সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ বাস্তবায়ন ও যে কোন ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে দায়িত্ব পালন;

(ণ) সার্বজনীন প্রাথমিক ও বয়স্ক শিক্ষা বিষয়ে সরকারি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করা;

(ত) প্রাথমিক স্কুলগামী শিশুদের বিদ্যালয়ে প্রেরণের জন্য এলাকাবাসীদের উদ্বুদ্ধকরণ;

(থ) স্থানীয় সম্পদের উন্নয়ন ও ব্যবহার নিশ্চিত করিবার লক্ষ্যে ওয়ার্ড এলাকার কর, রেইট, টোল, ফি, ইত্যাদি প্রদানে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং গবাদিপশুর খোয়াড় নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণে পরিষদকে সহায়তা;

(দ) ওয়ার্ড এলাকার অন্যান্য সংস্থার কাজে এবং পরিষদ দর্শনার্থীদের নিরাপত্তা, আরাম আয়েস ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানে চেয়ারম্যানকে সহায়তা করা;

(ধ) আইন অনুযায়ী ওয়ার্ড সভা আয়োজন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ন) সরকারি নির্দেশ মোতাবেক পরিষদে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে চেয়ারম্যানকে সহায়তা প্রদান;

(প) পরিষদের স্থায়ী কমিটির নিয়মিত সভা আহবান এবং সভার সুপারিশসমূহ পরিষদের পরবর্তী মাসিক সভায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা;

(ফ) পরিষদের পঞ্চবার্ষিক ও বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে পরিষদকে সহযোগিতা প্রদান;

(ব) প্রকল্প বাস্তবায়নে নির্দেশ মোতাবেক নেতৃত্ব প্রদান;

(ভ) আইনের ধারা ৪ এর অধীন গঠিত ওয়ার্ড সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ম) আইনের ধারা ৬ এ বর্ণিত ওয়ার্ড সভার কার্যাবলী সম্পাদন নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(য) ওয়ার্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হওয়ার ক্ষেত্রে সভায় উহার যৌক্তিকতা উপস্থাপন;

(র) ওয়ার্ড সভার কোন সুপারিশ পরিষদে উত্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ;

(ল) পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন;

(শ) সরকার ও পরিষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি সম্পাদন; এবং

(ষ) আইনের অধীন প্রদত্ত ক্ষমতা প্রয়োগ, দায়িত্ব পালন ও কার্যাদি সম্পাদন।

৫। **পরিষদের চেয়ারম্যান বা সদস্যগণের অধিকার ও দায়বদ্ধতা।**—এই বিধিমালার বিধানাবলী প্রতিপালন করিবার নিমিত্ত আইনের ধারা ৩৮ এ বর্ণিত চেয়ারম্যান বা সদস্যগণের অধিকার ও দায়বদ্ধতা সংক্রান্ত বিধান প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd